

## কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

সাতক্ষীরা জেলার সকল ইউনিয়নের একটি করে কিশোর-কিশোরী ক্লাব স্থাপিত। প্রতিটি ক্লাবের সদস্য ২০ কিশোরী এবং ১০ জন কিশোর।

### কিশোর-কিশোরী ক্লাবের লক্ষ্য:

- কিশোর-কিশোরীদের চিত্তবিনোদন ও সামাজিক করণের জন্য নিরাপদ স্থানের ব্যবস্থা করা।
- বাল্যবিবাহ, যৌনহয়রানী ও যৌতুক প্রবণতা রোধ করা।
- কিশোর-কিশোরীদের মধ্যে নেতৃত্বদান ও সুস্থ মানসিক বিকাশের সুযোগ সৃষ্টি করা।
- কিশোর-কিশোরীদের অধিকার বাস্তবায়নে কিশোর-কিশোরী ও কমিউনিটির অংশগ্রহণ বৃদ্ধি করা।
- শিক্ষা জীবন থেকে ঝড়ে পড়া কিশোরীদের জীবিকা অর্জনমূলক প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করা।

### কিশোর-কিশোরী ক্লাবের উদ্দেশ্য :

- কিশোর-কিশোরীদের জীবন দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের জীবনমান উন্নয়ন।
- অধিকার প্রতিষ্ঠা এবং নারী-পুরুষের বৈষম্যহীন ও পারস্পরিক সুরক্ষামূলক সমাজ গঠনের অনুকূল পরিবেশ সৃষ্টি।
- কিশোর-কিশোরীদের মধ্যে পারস্পরিক শ্রদ্ধাবোধ সৃষ্টি ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এবং ইতিবাচক দৃষ্টিভঙ্গি গড়ে তোলা।

- বাল্যবিবাহ, যৌনহয়রানী ও যৌতুক প্রবণতা রোধকল্পে সচেতনতা সৃষ্টি।
- ঝরে পড়ার হার কমানো এবং প্রজনন স্বাস্থ্য বিষয়ক সচেতনতা সৃষ্টি।

### কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম :

- জীবন দক্ষতামূলক শিক্ষা গ্রহণ।
- সাংস্কৃতিক কার্যক্রম, যেমন- নাচ, গান, আবৃত্তি, বই লেনদেন ও বই পড়া।
- পত্র-পত্রিকা পড়া।
- বিভিন্ন দিবস উদযাপন (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতীয় শিশু দিবস, কন্যা শিশু দিবস, শিশু অধিকার দিবস, নারী দিবস, বিশ্ব এইডস্ দিবস ইত্যাদি)
- বিভিন্ন খেলাধুলা, যেমন- ক্যারাম, লুডু, দাবা, বাগাডুলি, কাবাডি, ভলিবল, ব্যাটমিন্টন, ক্রিকেট ইত্যাদি।